ঝিনাইদহে পুরাতন মোটরসাইকেল ব্যবসায়ী মালিক সমিতির আহ্বায়ক কমিটি গঠন

ঝিনাইদহে পুরাতন মোটরসাইকেল ব্যবসায়ী মালিক সমিতি জেলা শাখার আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে শহরের জোহান ড্রিম ভ্যালি পার্কে আয়োজিত আলোচনা সভায় এ কমিটি ঘোষণা করা হয়।

সভায় সভাপতিত্ব করেন আবুল কাশেম। তিনি ব্যবসায়ীদের ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানিয়ে বলেন, সংগঠনের মাধ্যমে ব্যবসার মানোন্নয়নসহ ব্যবসায়ীদের অধিকার রক্ষায় কাজ করতে হবে।

পরে ২৫ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি ঘোষণা করা হয়। এতে আহ্বায়ক করা হয় আবুল কাশেমকে। সদস্য সচিব করা হয় মিজানুর রহমান তোতাকে।

যুগ্ম আহ্বায়করা হলেন সনজিত কর্মকার, সোহেল রানা, আলমগীর, লিটন, মাসুদ রানা, সিরাজুল, মনোয়ার ও সজীব।

সদস্যরা হলেন তাপস কুণ্ডু, মিন্টু, রাশেদুল ইসলাম রাশেদ, শাকিল, মামুন, সুমন সাহা, আলমগীর, আক্কাস, সেলিম, রুবেল, নায়েব ও শাহাজান।
উপদেষ্টা করা হয়েছে শহীদ ও নাজিম আহমেদ রঞ্জুকে।

কমিটি ঘোষণা করেন উপদেষ্টা নাজিম আহমেদ রঞ্জু। নবগঠিত এ কমিটি ঝিনাইদহের ব্যবসায়ীদের অধিকার রক্ষা ও জেলার ব্যবসা-বাণিজ্যের মানোন্নয়নে কাজ করবে বলে আশা করা হয়।

দামুড়হুদা উপজেলা বাজার কমিটির

১১সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন

দামুড়হুদা উপজেলা বাজার কমিটির পূর্বের সভাপতি সহ কার্যনির্বাহী কমিটির ১৫জন সদস্য পদত্যাগ করেছে। পূর্বের কমিটির সভাপতি সহ ১৫ সদস্যের পদত্যাগের পর বাজারের ব্যবসায়ী ও দোকান মালিকদের আয়োজনে জরুরি সভা করা হয়েছে।

আজ শনিবার (২১ ডিসেম্বর) বিকাল সাড়ে ৪ টার দিকে দামুড়হুদা বাজারের শহিদুল ইসলাম মার্কেটের ২য় তলায় বাজারের ব্যবসায়ী ও দোকান মালিকদের অনুরোধে জরুরি সভায় সভাপতিত্ব করেন দামুড়হুদা থানা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান মো রফিকুল হাসান তনু।

জরুরি সভায় অভিভাবক শুন্য বাজারের শৃঙ্খলা বাজার রাখা ও বাজারের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে তিন সদস্যের উপদেষ্টা ও ১১সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন করা হয়।

সর্বসম্মতিক্রমে তিন সদস্যের উপদেষ্টারা হলেন দামুড়হুদা থানা বিএনপির সাধারণ সম্পাদক মো রফিকুল হাসান তনু, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, সাবেক যুবদল নেতা শাহজালাল বাবু।

বাজার কমিটির আহ্বায়ক হয়েছেন হাজী মো মোফাজ্জেল হোসেন, যুগ্ন আহ্বায়ক মো সাজেদুল ইসলাম, যুগ্ন আহ্বায়ক মন্টু মিয়া, সদস্য মো জাহিদুল ইসলাম, মো আজিজুর রহমান, মো আশেকউদৌলা লিটন, সানোয়ার হোসেন, ইউনুস আলী, আবুল কাশেম মালিথা, আঃহাকিম ও আবু জাফর।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, বিএনপির নেতা তোতাম আলী, শামসুল আলম, লাবলু প্রমুখ।

আগামী তিন মাসের মধ্যে বাজারের ব্যবসায়ীদের ভোটার তালিকা প্রস্তুত, বকেয়া আদায় করে নির্বাচন অনুষ্ঠিত হবে।

মেহেরপুর হোটেল বাজার ব্যবসায়ী সমিতির আহ্বায়ক কমিটি গঠন

মেহেরপুর হোটেল বাজার ব্যবসায়ী সমিতির আয়োজনে এক বর্ধিত সভায় ৫ সদস্যের আহ্বায়ক কমিটি গঠিত হয়। গতকাল শুক্রবার সন্ধ্যা ৭ টার দিকে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে এ কমিটি গঠন করা হয়।

ব্যবসায়ী মোঃ শামীমুল ইসলামকে আহ্বায়ক এবং মোঃ তৌফিকুর রহমানকে যুগ্ন-আহ্বায়ক করে গঠিত কমিটির সদস্যরা হলেন মোঃ হাসেম আলী, মোঃ সালাউদ্দিন (ভোলা) এবং মোঃ মামুনুর রশিদ। দেশের চলমান পরিস্থিতিতে বাজারের শান্তি-শৃঙ্খলা বজায় ও ব্যবসায়ীদের নির্বিঘ্নে ব্যবসা বাণিজ্য পরিচালনায় সহযোগিতা প্রদানের লক্ষে বর্ধিত সভা অনুষ্টিত হয়।

বর্ধিত সভার সভাপতিত্ব করেন হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সাবেক সভাপতি মোঃ আব্দুল হান্নান। এছাড়াও এসময়, হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সাবেক সাধারণ সম্পাদক মোঃ জাহিদ ইকবাল সিমন, ব্যবসায়ী মোঃ মমিনুল ইসলাম, মোঃ আলী আকবর, মোঃ হাসান রসুল, আবু হোসেন কাকন, মোঃ রাশেদ খান, মোঃ বিল্লাল হোসেন মিঠু প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির আহ্বায়ক কমিটি গঠন

মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির আয়োজনে এক সাধারণ সভায় ৫ সদস্যের আহ্বায়ক কমিটি গঠিত হয়। আজ শুক্রবার সন্ধ্যা ৭ টার দিকে মেহেরপুর কমিউনিটি সেন্টারে এ কমিটি গঠন করা হয়।

ব্যবসায়ী আনারুল হক কালুকে আহ্বায়ক করে গঠিত কমিটির সদস্যরা হলেন

আবু আব্বাস আহমেদ, ইসরাইল হোসেন ইলু, আব্দুর রাজ্জাক এবং ফয়েজ উদ্দিন।

দেশের চলমান পরিস্থিতিতে বাজারের শান্তি-শৃঙ্খলা বজায় ও ব্যবসায়ীদের নির্বিঘ্নে ব্যবসা বাণিজ্য পরিচালনায় সহযোগিতা প্রদানের লক্ষে সাধারণ সভা অনুষ্টিত হয়।

সাধারণ সভার সভাপতিত্ব করেন বড় বাজার ব্যবসায়ী সমিতির সাবেক সভাপতি মনিরুজ্জামান দিপু। এসময় ব্যবসায়ী আমিনুল ইসলাম হাঁসা, আনোয়ারুল হক কালু, মোস্তাফিজুর রহমান টোটন, রন্টু, সাইফুল ইসলাম, মিরন, রবি প্রমুখ বক্তব্য রাখেন।

অনুষ্ঠানের শুরুতে বড়বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মনিরুজ্জামান দিপু সমিতির আয় ব্যায়ের হিসাব দাখিল করেন এবং বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে নিহতদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়।

দর্শনা সাহিত্য পরিষদের আহ্বায়ক কমিটি গঠন

দর্শনা সাহিত্য পরিষদের কমিটি বিলুপ্ত করে নতুন আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। সংগঠনের কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে সাহিত্য পরিষদের সদস্য কবি সাহিত্যিকদের সম্মতিক্রমে মেয়াদোত্তীর্ণ কমিটি ভেঙ্গে দেওয়া হয়।

আহ্বায়ক কমিটি গঠনের লক্ষ্যে আজ শনিবার (১০ ফেব্রুয়ারি) সাহিত্য পরিষদের কার্যালয়ে বিকাল ৩টা থেকে আলোচনা সভার আয়োজন করা হয়, সাহিত্য পরিষদের সদস্য কবি সাহিত্যিকদের সম্মতিক্রমে মেয়াদোত্তীর্ণ কমিটি ভেঙ্গে ৭ সদস্যবিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে।

কমিটির সদস্যগণ হলেন- আহ্বায়ক কবি মুরশিদ আলম, সদস্য, আব্দুল ওয়াদুদ শাহা কলেজের প্রভাষত মিজাানুর রহমান মণ্ডল, ডাক্তার খালেদা খানম, মোঃ নজরুল ইসলাম, প্রধান শিক্ষকা আফসানা মেহজাবিন

শাপলা, মোঃ জামাত আলী, বোরহান উদ্দিন টিটু। সভায় আগামী তিন মাসের মধ্যে সম্মেলনের মাধ্যমে পূর্ণাঙ্গ কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়।

কমিটিগঠন করার পরে স্বরচিত কবিতা পাঠের আসর অনুষ্ঠিত হয়, উক্ত অনুষ্ঠানে স্বরচিত লেখা পাঠ করে কবি খালেদা খানম, সাজিবুল ইসলাম, ইমান আলী এরেং, মোঃ আব্দুর রশিদ, আফসানা মেহজাবিন শাপলা, এমদাদুল হক, মোঃ বোরহান উদ্দিন, মিজানুর রহমান মণ্ডল, মোঃ নজরুল ইসলাম, জামাত আলি, মোঃ আসাদ প্রসেনজিৎ মন্ডল প্রমুখ, স্বরচিত কবিতা পাঠের অনুষ্ঠান সঞ্চালনা করেন কবি ফয়সাল আহমেদ।